দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

0 8 MAR 1989
পৃষ্ঠা 7 কলাম 6

24

# ৫ জন ভুয়া শিক্ষক গা ঢাকা দিয়াছেন

রাজবাড়ী, ৭ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)—পাংশা উপজেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৫ জন ভুয়া শিক্ষকের সন্ধান পাওয়া গিয়াছে।

জানা যায়, কুমিল্লা, মানিকগঞ্জ বগুড়া ও লক্ষ্মীপুর জেলা হইতে ভুয়া বদলীর আদেশ আনিয়া পাংশা উপজেলা শিক্ষা অফিসে জমা দিয়া ২ জন সহকারী শিক্ষিকা ও ৩ জন সহকারী শিক্ষক পাংশা উপজেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করেন। গত জানুয়ারী মাসে তাহাদের নামে বেতনও বরাদ্দ করা হয়। কিন্তু ঘটনাটি ফাঁস হইয়া গেলে উপজেলা শিক্ষা কর্মকর্তা ব্যাংকে প্রেরিত তাহাদের বেতন বিল স্থগিত করেন। অবস্থা বেগতিক দেখিয়া ভুয়া সহকারী শিক্ষকগণ কর্মস্থল ছাড়িয়া গা ঢাকা দেন। জেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পাংশা উপজেলা শিক্ষা অফিস হইতে ঐ ৫ জন শিক্ষকের ভুয়া বদলীর আদেশ উদ্ধার করিয়া ঢাকাস্থ মহাপরিচালকের দপ্তরে প্রেরণ করেন বলিয়া জানা গিয়াছে।

বিভিন্ন সূত্রে জানা যায়, শিক্ষা বিভাগের একশ্রেণীর কর্মচারীর যোগসাজশে একটি সংঘবদ্ধ চক্র এই ধরনের ভুয়া কাগজপত্র তৈরী করিয়া আসিতেছে এবং সংশ্লিষ্ট দফতরের কিছু লোককে হাত করিয়া দীর্ঘদিন ধরিয়া শূন্য পদে শিক্ষক নিয়োগ করা হইতে বিরত রাখিয়া আসিতেছে।